

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬

স্মারক নং- বশেমুরকবি/একা/ এ-১.১৬/২০১৯/১৭৯ (ক)

তারিখঃ ২৩/০৫/২০১৯

এমএস ও পিএইচডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এ অটাম ২০১৯ টার্মে কোর্স ক্রেডিট পদ্ধতির অধীনে এমএস ও পিএইচডি প্রোগ্রামে নিম্নলিখিত বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে।

এমএসঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন; কৃষিবনায়ন ও পরিবেশ; সেচ ও পানি ব্যবস্থাপনা; এগ্রো-প্রসেসিং; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি; ফসল উদ্ভিদবিদ্যা; এনভাইরনমেন্টাল সায়েন্স; কীটতত্ত্ব; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি; জেনেটিক্স অ্যান্ড ফিশ ব্রিডিং; অ্যানিম্যাল নিউট্রিশন; ডেয়ারি সায়েন্স; পোল্ট্রি সায়েন্স; থেরিওজেনোলজি; প্যাথলজি; কৃষি অর্থনীতি।

পিএইচডিঃ কৃষিবনায়ন ও পরিবেশ; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি; ফসল উদ্ভিদবিদ্যা; কীটতত্ত্ব; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি।

যোগ্যতাঃ

এমএস প্রোগ্রামঃ

প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা ডিভিএম ডিগ্রি অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকিতে হইবে।

পিএইচডি প্রোগ্রামঃ

- (১) কেবল চাকুরীরত প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন।
- (২) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকিতে হইবে।
- (৩) স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠান/এনজিওতে চাকুরীরত প্রার্থীদের কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।

ভর্তির আবেদন ফরম, গ্র্যাজুয়েট ক্যাটালগ ও ভর্তির নিয়মাবলী ২৮/০৫/২০১৯ হতে ০৯/০৭/২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখা অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrau.edu.bd হইতে সংগ্রহ করা যাইবে। সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংক লিঃ এর হিসাব নং SND 0219636000036 এ অনলাইনে ৫০০ (পাঁচশত) টাকা জমা দিয়া জমার রশিদসহ যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রটি নিধারিত তারিখের (০৯/০৭/২০১৯) মধ্যে অফিস চলাকালীন সময়ে ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অফিসে জমা দিতে হইবে।

বিদেশী ছাত্র-ছাত্রীগণ সোনালী ব্যাংক লিঃ, বশেমুরকবি শাখা এর হিসাব নং SND 0219636000036 এ SWIFT CODE- BSONBDDH-WEB Routing No: 200330370 এর মাধ্যমে USD 20 (বিশ ডলার) জমা দিয়া জমার রশিদ আবেদনপত্রের সহিত সংযোজন করিবেন।

আবেদনপত্রের সাহিত সত্যায়িত নিয়োক্ত সনদপত্র/ডকুমেন্ট-এর ফটোকপি দাখিল করিতে হইবে।


- * ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি।
- * এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর (পিএইচডি প্রোগ্রামের জন্য) ডিগ্রি পাসের সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট।
- * বাংলাদেশী আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং বিদেশি আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পাসপোর্টের ফটোকপি।
- * সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রি অর্জন করিয়াছেন তাহার প্রধানের নিকট হইতে প্রাপ্ত টেস্টিমোনিয়াল।
- * টাকা জমাদানের রশিদ।
- * অস্পষ্ট, অসম্পূর্ণ/ভুল তথ্যাদি সন্নিবেশিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- * অন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেরকে পঠিত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট হইতে চারিত্রিক সনদপত্র আবেদনপত্রের সহিত জমা দিতে হইবে।

আবেদনপত্রের সহিত দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি ভর্তির সময় অবশ্যই দেখাইতে হইবে।

উল্লেখ্য, প্রতি টার্মে বিভাগওয়ারী মেধার ভিত্তিতে উপযুক্ত সকল পিএইচডি ছাত্র-ছাত্রীকে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে এবং উল্লেখযোগ্য সংখক এমএস ছাত্র-ছাত্রীকে মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হইবে। মেধাবৃত্তি ছাড়াও প্রতিযোগিতার ভিত্তিতে পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের (দেশি/বিদেশি) গ্র্যাজুয়েট রিসার্চ অ্যাসিস্ট্যান্টশিপ (GRA) প্রদান করা হইবে।

বিদেশি ছাত্র-ছাত্রীগণ যে কোন সময়ে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন।

- * উল্লেখ্য ভর্তির জন্য আবেদনকারী কোন ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শৃঙ্খলা পরিপন্থি অভিযোগ থাকিলে তাহাদের ভর্তির আবেদন বিবেচনা করা হইবে না।


(প্রফেসর ড. মোঃ আবুল হোসেন মোল্লা)

ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ

সদস্য-সচিব, ছাত্র-ভর্তি কমিটি (এমএস ও পিএইচডি)

ফোনঃ ৯২০৫৩১৫